

💵 ছালাতুর রাসূল (ছাঃ)

বিভাগ/অধ্যায়ঃ বিভিন্ন ছালাতের পরিচয় (আএটা আএটা আএটা এটা আএটা রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

৬.৬. কবরে নিষিদ্ধ কর্ম সমূহ (المنهيات على القبور)

- (১) কবর এক বিঘতের বেশী উঁচু করা, পাকা ও চুনকাম করা, সমাধি সৌধ নির্মাণ করা, গায়ে নাম লেখা, কবরের উপরে বসা, কবরের দিকে ফিরে ছালাত আদায় করা। [106]
- (২) ধুয়ে-মুছে সুন্দর করা, কবরে মসজিদ নির্মাণ করা, সেখানে মেলা বসানো, ওরস করা ও কবরকে তীর্থস্থানে পরিণত করা।[107]
- (৩) কবরের নিকটে গরু-ছাগল-মোরগ ইত্যাদি যবেহ করা। জাহেলী যুগে দানশীল ও নেককার ব্যক্তিদের কবরের পাশে এগুলি করা হ'ত।[108]
- (৪) কবরে ফুল দেওয়া, গেলাফ চড়ানো, শামিয়ানা টাঙ্গানো ইত্যাদি।[109] রাসূলুল্লাহ (ছাঃ) বলেন, আল্লাহ আমাদেরকে ইট, পাথর ও মাটি ইত্যাদিকে কাপড় পরিধান করাতে নির্দেশ দেননি'।[110] এগুলি স্পষ্টভাবে কবরপূজার শামিল। রাসূলুল্লাহ (ছাঃ) হযরত আলী (রাঃ)-কে নির্দেশ দিয়ে বলেছিলেন,

عَنْ أَبِي الْهَيَّاجِ الأَسَدِيِّ قَالَ قَالَ لِى عَلِيُّ بْنُ أَبِي طَالِبٍ: أَلاَّ أَبْعَثُكَ عَلَى مَا بَعَثَنِي عَلَيْهِ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم: أَنْ لاَ تَدَعَ تِمثْثَالاً إلاَّ طَمَسْتَهُ وَلاَ قَبْرًا مُشْرِفًا إلاَّ سَوَّيْتَهُ

'তুমি কোন মূর্তিকে ছেড় না নিশ্চিহ্ন না করা পর্যন্ত এবং কোন উঁচু কবরকে ছেড় না মাটি সমান না করা পর্যন্ত'। [111]

জাতির উপরে, যারা তাদের নবীর কবরকে সিজদার স্থানে পরিণত করে।[112]

- (খ) আজকাল কবরকে 'মাযার' বলা হচ্ছে। যার অর্থ: পবিত্র সফরের স্থান। অথচ রাসূলুল্লাহ (ছাঃ) বলে গেছেন, '(নেকী হাছিলের উদ্দেশ্যে) তিনটি স্থান ব্যতীত সফর করা যাবে না, মাসজিদুল হারাম, মাসজিদুল আরুছা ও আমার এই মসজিদ'।[113] তিনি তাঁর উম্মতের উদ্দেশ্যে বলেন, غِيْدًا, 'তোমরা আমার কবরকে তীর্থস্থানে পরিণত করো না'।[114]
- (গ) মৃত্যুর পাঁচদিন পূর্বে তিনি উম্মতকে সাবধান করে বলেন,ولاَ تَتَّخِذُوا الْقُبُوْرَ مَسَاجِدَ، إِنِّي أَنْهَاكُمْ عَنْ ذَلِكَ, اللهِ عَنْ ذَلِك 'সাবধান! তোমরা কবর সমূহকে সিজদার স্থানে পরিণত করো না। আমি তোমাদেরকে এ ব্যাপারে নিষেধ করে



যাচ্ছি'।[115]

- (ঘ) কবরে মসজিদ নির্মাণকারী ও সেখানে মৃতব্যক্তির ছবি, মূর্তি ও প্রতিকৃতি স্থাপনকারীদের সম্পর্কে রাসূলুল্লাহ
- (ছাঃ) বলেন, غَوْمَ الْقِيَامَةِ व्यता किशामতেत দিন আল্লাহর নিকটে নিকৃষ্টতম সৃষ্টি (এরা কিয়ামতের দিন আল্লাহর নিকটে নিকৃষ্টতম সৃষ্টি হিসাবে গণ্য হবে'। [116]
- (৬) কবরের বদলে কোন গৃহে বা রাস্তার ধারে বা কোন বিশেষ স্থানে মৃতের পূর্ণদেহী বা আবক্ষ প্রতিকৃতি নির্মাণ করে বা স্মৃতিচিহ্ন স্থাপন করে সেখানে শ্রদ্ধা নিবেদন করা ও নীরবে দাঁড়িয়ে থাকা পরিষ্কারভাবে মূর্তিপূজার শামিল। যা স্পষ্ট শিরক এবং যা থেকে বিরত থাকা অপরিহার্য।

উল্লেখ্য যে, মাথাসহ আবক্ষ ছবি ও মূর্তি পুরা মূর্তির শামিল, যা সর্বদা নিষিদ্ধ।[117]

ফুটনোট

- [106]. মুসলিম, মিশকাত হা/১৬৯৬-৯৯; তিরমিযী, মিশকাত হা/১৭০৯।
- [107]. মুসলিম, মিশকাত হা/৭১৩; মুওয়াত্ত্বা, মিশকাত হা/৭৫০; নাসাঈ, আবুদাউদ, মিশকাত হা/৯২৬; ফিরুহুস সুন্নাহ ১/২৯৫।
- [108]. (لا عقر في الاسلام) আবুদাউদ হা/৩২২২; আহমাদ হা/১৩০৫৫, সিলসিলা ছহীহাহ হা/২৪৩৬।
- [109]. ফিক্বহুস সুন্নাহ ১/২৯৫।
- [110]. (إن الله لم يأمرنا أن نكسو الحجارة والطين واللبن) মুত্তাফারু 'আলাইহ, মিশকাত হা/৪৪৯৪ 'পোষাক' অধ্যায়-২২, 'ছবি সমূহ' অনুচ্ছেদ-৪; আবুদাউদ হা/৪১৫৩।
- [111]. মুসলিম হা/৯৬৯; ঐ, মিশকাত হা/১৬৯৬ 'জানায়েয' অধ্যায়-৫, 'মৃতের দাফন' অনুচ্ছেদ-৬; রাবী আবু হাইয়াজ আল-আসাদী খলীফা আলী (রাঃ)-এর পুলিশ প্রধান ছিলেন। তাঁর পূর্বের খলীফা ওছমান (রাঃ)-এর আমলেও এ নির্দেশ জারি ছিল (আলবানী, তাহযীরুস সাজেদ ৯২ পুঃ)।
- [112]. মুওয়াত্ত্বা, মিশকাত হা/৭৫০, 'ছালাত' অধ্যায়-৪, 'মসজিদ ও ছালাতের স্থান সমূহ' অনুচ্ছেদ-৭ ।
- [113]. (لا تشد الرحال إلا إلى ثلاث مساجد المسجد الحرام ومسجدي هذا والمسجد الأقصى) মুত্তাফাৰু 'আলাইহ, মিশকাত হা/৬৯৩, 'মসজিদ ও ছালাতের স্থান সমূহ' অনুচ্ছেদ-৭।
- [114]. নাসাঈ, আবুদাঊদ, মিশকাত হা/৯২৬, 'রাসূল (ছাঃ)-এর উপর দর্নদ পাঠ' অনুচ্ছেদ-১৬।



- [115]. মুসলিম হা/১২১৬, মিশকাত হা/৭১৩; মুছান্নাফ ইবনু আবী শায়বাহ, আলবানী, তাহযীরুস সাজেদ পৃঃ ১৫।
- [116]. বুখারী হা/১৩৪১; মুসলিম হা/১২০৯।
- [117]. আবুদাঊদ হা/৪১৫৮; দ্রঃ লেখক প্রণীত 'ছবি ও মূর্তি' বই পৃঃ ২৫-২৬।
- Source https://www.hadithbd.com/books/link/?id=9247

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন